

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিঃ একটি রাষ্ট্রায়ত্ত্ব মালিকানাধীন কোম্পানি, যা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দেশের উত্তরাঞ্চলে রাজশাহী ও রংপুর বিভাগের ২টি সিটি কর্পোরেশন, ১৬টি জেলা, ৩৯টি উপজেলা এবং ৩৭টি পৌরসভায় ৫৫টি বিক্রয় ও বিতরণ বিভাগ/বিদ্যুৎ সরবরাহ ইউনিটের মাধ্যমে নির্ভরযোগ্য ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণসহ উত্তম গ্রাহক সেবা প্রদানের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন ও মিশন বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

ইদানিং গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ এর নাম ব্যবহার করে কতিপয় অসাধু মহল চাকুরির ভুয়া নিয়োগপত্র প্রদান করছে এবং আর্থিক লেনদেন করার অভিযোগও পাওয়া যাচ্ছে যা আইনত দন্ডনীয় অপরাধ। এ বিষয়ে নেসকো লিঃ এর কোন সংশ্লিষ্টতা নেই।

উল্লেখ্য, নেসকো লিঃ এর সার্ভিস রুল, ২০১৯ এর সকল বিধি-বিধান প্রতিপালনপূর্বক পত্রিকায় এবং ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে শতভাগ স্বচ্ছতার সাথে যথাযথ কর্তৃপক্ষের পরিচালনায় এই প্রতিষ্ঠানে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়।

এমতাবস্থায়, ভুয়া নিয়োগপত্রে বিভ্রান্ত না হয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হল এবং এই ধরনের ভুয়া নিয়োগপত্র কিংবা আর্থিক লেনদেনের বিষয়ে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক নিকটস্থ থানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

বিশেষ দৃষ্টব্যঃ নেসকো কর্তৃপক্ষ কোনভাবেই এ ধরনের লেনদেন/প্রতারণার দায়ভার বহন করবে না।

-প্রচারে  
নেসকো কর্তৃপক্ষ